# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৩৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسلم: «إِنَّ الْجَنَّةَ تَشْتَاقُ إِلَى ثَلَاثَةٍ عَلِيٍّ وَعَمَّارٍ وسلمان» . رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعيف ، رواه الترمذی (3797 وقال : حسن غريب) * فيه الحسن البصری مدلس مشهور و عنعن

### বাংলা

৬২৩৪-[৩৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তিন লোকের জন্য জান্নাত উদগ্রীব রয়েছে- ’আলী, ’আম্মার ও সালমান (রাঃ)। (তিরমিযী)

### ফুটনোট

হাসান: তারাজু’আতুল আল্লামা আল আলবানী ১০৬, প্রথমে তিনি হাদীসটিকে য'ঈফ বলেছিলেন, তিরমিযী ৩৭৯৭, পরবর্তীতে তিনি হাসান বলেছেন, য'ঈফাহ্ ৫/৩৫৩, সহীহুল জামি ১৫৯৮, দেখুন- তারাজুআতুল ‘আল্লামাহ্ আল আলবানী ১০৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ الْجَنَّةَ تَشْتَاقُ إِلَى ثَلَاثَةٍ) -এর মমার্থ হলো যে, তারা অবশ্যই জান্নাতী। এখানে এতে জোরদার করে বলা হয়েছে। কেউ বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো যে, জান্নাতের অধিবাসীরা তিনটি জিনিসের প্রতি খুব আগ্রহী হবে। [এক] (حوارى) (সঙ্গী-সাথি), [দুই] চাকর, [তিন] মালাক (ফেরেশতা), যেমনটি(اللمعات) -এ বর্ণিত হয়েছে। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, এ তিনজনের প্রতি জান্নাতের আগ্রহের উদাহরণ হলো, সা'দ ইবনু মা'আরিয

(রাঃ) এর মৃত্যুতে আল্লাহর ‘আরশ কেঁপে উঠার মতো। (তুহফাতুল আহওয়াযী হা. ৩৮০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86210

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন